গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।
WWW.acl.bhaluka.mymensingh.gov.bd

নম্বর- ৩১.৪৫.৬১১৩.০০০.০৩২.০২৫.২০- ৮১৪ তারিখ ঃ ২১.০৪.২০২৩ খ্রিঃ।

# জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি সংগঠন/সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা ভূমি অফিস,ভালুকা এর নিয়ন্ত্রণাধীন ইজারাযোগ্য ২০(বিশ) একর পর্যন্ত নিম্নবর্ণিত বদ্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা-২০০৯ মোতাবেক বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে বাংলা ১৪৩৩ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রনালয়,সায়রাত-১ অধিশাখা এর গত ২৫ ফেব্রুয়ারী,২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮ .০০১.২৪-৩৬১ নং স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতির নিকট হতে ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন আহবান করা যাচ্ছে।জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটিwww.mymensingh.gov.bd, www.bhaluka. mymensingh.gov.bd ও www.acl.bhaluka.mymensingh.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। নিম্নবর্ণিত সময়সুচি অনুযায়ী ম্যানুয়াল আবেদন ও অন্যন্যা কার্যক্রম গ্রহণ করা যাবে।

| ধাপ | সিডিউল (দরপত্র) বিক্রয় ও আবেদনের তারিখ | সিডিউল (দরপত্র) দাখিলের তারিখ ও সময় | সিডিউল (দরপত্র) খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ২য় | ২৩.০৪.২০২৪ থেকে ৩০.০৪.২০২৪ | ৩০.০৪.২০২৪ থেকে ০১.০৫.২০২৪ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) | ০১.০৫.২০২৪ ও ৩.০০ ঘটিকা |

## ১৪৩১ হতে ১৪৩৩ বাংলা সন পর্যন্ত তিন বৎসর মেয়াদে ইজারাযোগ্য জলমহালসমূহের তালিকা :

| ক্রঃ নং | ইজারাযোগ্য জলমহালের নাম | জলমহালের জমির পরিমান (একরে) | সরকারি ইজারা মূল্য | ইজারার মেয়াদ |
|---|---|---|---|---|
| ১ | বেরুল বিল, রাংচাপড়া | ১১.৮৮ | ১৭,৯৫,৪৭৭/- | ১৪৩১- ১৪৩৩ |
| ২ | কোটানাইল পুকুর, রাংচাপড়া | ১.১৯ | ৯৯,২২৫/- | ১৪৩১- ১৪৩৩ |
| ৩ | ছোটনাইল পুকুর, রাংচাপড়া | ১.৪৬ | ৪৪,৬৫২/- | ১৪৩১- ১৪৩৩ |
| ৪ | পুরুড়া খাস পুকুর,পুরুড়া | ২.১৭ | ৮৯,৫৮৮/- | ১৪৩১- ১৪৩৩ |
| ৫ | বাটাজোর খৈলার পুকুর, মুচিরা | ১.৮৭ | ১,৬৪,৮৫০/- | ১৪৩১- ১৪৩৩ |
| ৬ | খিলবাড়ী পুকুর, হবিরবাড়ী | ০.৬০ | ১৮,০৬০/- | ১৪৩১- ১৪৩৩ |
| ৭ | ভেতিয়ার পুকুর, মল্লিকবাড়ী | ১.৫২ | ২৮,০১৬/- | ১৪৩১- ১৪৩৩ |
| ৮ | কাচিনা বাজার পুকুর | ৩.০০ | ৩,০৪,৫০০/- | ১৪৩১-১৪৩৩ |
| ৯ | কাচিনা জোড়াদীঘি পুকুর | ২.৫৮ | ১৫,৭৫০/- | ১৪৩১-১৪৩৩ |
| ১০ | পদ্মার পুকুর | ১.২৭ | ৭৪,০২৫/- | ১৪৩১-১৪৩৩ |

নিয়মাবলী :

১। আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রনালয়ের ওয়েব সাইটে এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা আছে।

২। আবেদনকারী কর্তৃক জলমহালটি সরেজমিন পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আকার/আয়তন/কোন অংশ ভরাট হয়ে গেছে মর্মে প্রশ্ন বা দাবী উত্থাপন করা যাবে না। করলে তা সর্বদা অগ্রাহ্য হবে।

৩। ইজারা সংক্রান্ত আবেদন ফরম অফেরতযোগ্য ৫০০/-(পাঁচশত) টাকায় উপজেলা ভূমি অফিস, ভালুকা, ময়মনসিংহ হতে সংগ্রহ করতে হবে।

৪। জলমহাল ইজারার জন্য উদ্ধৃত দরের ২০% (শতকরা বিশ) টাকা জামানত হিসাবে ব্যাংক ড্রাফট পে-অর্ডারের মাধ্যমে মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে।

৫। সীলগালাকৃত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন, ডানপাশে উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ এবং খামের বাম পাশে সমিতির নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৬। জলমহাল ইজারা কমিটি কর্তৃক জলমহাল ইজারা প্রদান বিষয়ে সিদ্ধান্ত প্রদানের ১৫(পনেরো) দিনের মধ্যে ইজারা গ্রহীতাকে সমুদয় ইজারা অর্থ ও অন্যান্য করাদি নির্ধারিত কোডে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদন/ইজারা বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। কোন অবস্থাতেই ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

৭। সরকারি নীতিমালা অনুযায়ী প্রত্যেক বৎসরের ইজারা মূল্যের সাথে ১৫% ভ্যাট ও ১০% উৎসে কর পরিশোধ করতে হবে। এ ক্ষেত্রে সরকার কতৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশ ও অন্যান্য করাদি যদি প্রযোজ্য হয় তাও পরিশোধ করতে হবে।

৮। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিষ্ট্রেশন) এর সত্যায়িত কপি,নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি, মৎস্যজীবীদের জাতীয় পরিচয় পত্র দাখিল করতে হবে।

৯। আবেদনকারী সমিতির সকল সদস্য কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

১০। সমিতির গঠনতন্ত্র, সমিতির সভার কার্যবিবরণী ও ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক রুল অনুসারে) দাখিল করতে হবে।

১১। বিগত ০২ (দুই) বৎসরের অডিট রির্পোটসহ কর্তৃপক্ষ কর্তৃক চাহিত যে কোন কাগজপত্র দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত সংগঠন/সমিতির ক্ষেত্রে অডিট রির্পোট প্রয়োজন হবে না।

১২। সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপণনের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গিকারনামা দাখিল করতে হবে।

১৩। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি উপজেলা ভূমি অফিস/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালী আবেদন দাখিল করতে পারবেন।।

21/04/24

(আলীনূর খান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ভালুকা, ময়মনসিংহ

CamScanner

নম্বর- ৩১.৪৫.৬১১৩.০০০.০৩২.০২৫.২০- ৬১৪

তারিখ : ২১.০৪.২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ১৫৬, ভালুকা, ময়মনসিংহ।
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান ---------------------------------- (সকল) ইউনিয়ন পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
৭। সম্পাদক, ---------------------------------------------- আপনার পত্রিকায় বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৮। অফিস কপি।

২১/০৪/২৪

(ফারহান লাবীব জিসান)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ভালুকা, ময়মনসিংহ।